দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 30 APR 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ......

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র নং-৩৬(০০৩) জাতী: বি:/ এম. ফিল ও পিএইচ ডি/ ২০০৬/১/২৬৬৫ তারিখ : ২৮/০৪/২০১৬

## এম ফিল প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এম ফিল প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| গ্রুপ | ভর্তির বিষয়সমূহ |
|---|---|
| আর্টস | বাংলা, ইংরেজি, আরবি, সংস্কৃত, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| সোশ্যাল সায়েন্স | সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, সমাজকর্ম, |
| ন্যাচারাল সায়েন্স | পদার্থবিজ্ঞান, রসায়ন, পরিসংখ্যান |
| লাইফ এন্ড আর্থ সায়েন্স | প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মৃত্তিকাবিজ্ঞান, মনোবিজ্ঞান |

বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক, অর্থনৈতিক, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

**১. ভর্তির যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী**

ক. প্রার্থীর সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় আলাদাভাবে ন্যূনপক্ষে ৫০% নম্বর থাকতে হবে। তবে বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় গড়ে ৫০% নম্বরধারীগণ আবেদন করতে পারবেন।

খ. স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় আলাদাভাবে কমপক্ষে ৫৫% নম্বর থাকতে হবে। তবে স্নাতক (পাস) ও স্নাতকোত্তর পর্যায়ে বাংলা ও ইংরেজি বিষয়ে ৫০% নম্বরধারীগণ আবেদন করতে পারবেন।

CGPA এর ক্ষেত্রে নিম্নরূপ নিয়ম অনুসরণ করা হবে :

| এসএসসি/এইচএসসি বা সমমান | অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জিপিএ এর ক্ষেত্রে অর্জিত সিজিপিএ | সমতুল্য শ্রেণি বা বিভাগ |
|---|---|---|
| ৫.০০ স্কেল | ৪.০০ স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | দ্বিতীয় |

গ. আবেদনকারী শুধুমাত্র তার স্নাতকোত্তর বিষয়ে এম ফিল প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

ঘ. আবেদনের সাথে গবেষণা শিরোনামসহ Plan of Studies জমা দিতে হবে।

ঙ. এম ফিল প্রোগ্রামে প্রথম বর্ষের তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনপক্ষে ৬০% নম্বর, গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এই মর্মে সুপারভাইজার-এর সুপারিশ এবং এম ফিল কোর্সওয়ার্ক চলাকালীন স্বীকৃতমানের জার্নালে ১টি গবেষণামূলক প্রকাশনা থাকলে গবেষক পিএইচ ডি প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন।

চ. প্রার্থীকে তার এম ফিল গবেষণা প্রস্তাব বিশেষজ্ঞ প্যানেলের সামনে ডিফেন্ড করতে হবে।

ছ. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকাশনা, প্রশিক্ষণ, Plan of Studies ও ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি ও ফেলোশিপ প্রদানের জন্য মনোনয়ন দেয়া হবে।

জ. ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটের শিক্ষকদের অগ্রাধিকার দেয়া হবে।

**২. রেজিস্ট্রেশন**

(ক) বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী একজন শিক্ষার্থী পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে কেবলমাত্র একটি কোর্সে/বিষয়ে ভর্তি হতে ও রেজিস্ট্রেশন করতে পারবে।

(খ) একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ ৪ (চার) শিক্ষাবর্ষের মধ্যে এম ফিল ডিগ্রি অর্জন করতে হবে।

**৩. প্রোগ্রামের মেয়াদ**

এক বছরের কোর্স ওয়ার্কসহ এম ফিল শিক্ষাকার্যক্রমের মেয়াদ ০২ (দুই) বছর।

**৪. ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী**

ক. ফেলোশিপ প্রাপ্তির ক্ষেত্রে ভর্তির আবেদনের শেষ তারিখে বয়স অনধিক চল্লিশ বছর হতে হবে। ফেলোশিপ ব্যতীত ভর্তির ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়।

খ. এম ফিল প্রোগ্রামে প্রতিটি বিষয়ে ১টি করে ফেলোশিপ দেয়া হবে। ফেলোশিপের হার মাসিক ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা। সর্বোচ্চ ২ বছরের জন্য ফেলোশিপ দেয়া হবে।

গ. ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের এম ফিল থিসিস রচনা ও প্রিন্টিং খরচ বাবদ এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দেয়া হবে।

ঘ. বিজ্ঞান বিষয়ে প্রতি গবেষককে ল্যাবরেটরী খরচ বাবদ এককালীন আরও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দেয়া হবে।

ঙ. ফেলোশিপের জন্য কেবল জাতীয় বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী ও বেসরকারী কলেজ/ইনস্টিটিউটের পূর্ণকালীন শিক্ষকগণ আবেদন করতে পারবেন। অধিভুক্ত কলেজের শিক্ষক নন এমন শিক্ষার্থীগণ ফেলোশিপ ব্যতীত পূর্ণকালীন গবেষক হিসেবে ভর্তি হওয়ার জন্য দরখাস্ত করতে পারবেন।

চ. ফেলোশিপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে।

**৫. আবেদন ফরম পূরণ ও জমাদান**

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd) এর মাধ্যমে আগামী ০২/০৫/২০১৬ তারিখ থেকে ২৫/০৫/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ. আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন আবেদনপত্রে আপলোড করতে হবে। ছবির মাপ 120 X 150 Pixels, Image Type: JPG এবং File Size: 50 KB (max.) আবেদন ফরম সফলভাবে পূরণ হলে প্রার্থীগণ একটি PIN নম্বর সম্বলিত ফরম প্রিন্ট করতে পারবেন।

গ. আগামী ২৬/০৫/২০১৬ তারিখ থেকে এই PIN ব্যবহার করে website থেকে সোনালী সেবার পে-স্লিপ ডাউনলোড করা যাবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় ২৯/০৫/২০১৬ তারিখ বিকাল ৪:০০টা পর্যন্ত পে-স্লিপ জমা দেয়া যাবে। উল্লেখ্য, আবেদন ফি এর হার শিক্ষার্থীপ্রতি ১,০০০/- (এক হাজার) টাকা।

ঘ. সোনালী সেবার টাকা জমা হলে website এ Student Login করে ৩০/০৫/২০১৬ তারিখ থেকে আবেদনপত্র Print করা যাবে।

ঙ. সাক্ষাৎকারের দিন আবেদনকারীকে সকল সনদের মূল কপি ও আবেদনপত্র সোনালী সেবার জমা স্লিপসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে। সাক্ষাৎকার শেষে আবেদনপত্র ও সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

চ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

**৬. আবেদনের সময়সীমা ও ভর্তি কার্যক্রম**

| | | |
|---|---|---|
| ক. | অনলাইনে আবেদন ফরম পূরণ | : ০২/০৫/২০১৬ থেকে ২৫/০৫/২০১৬ পর্যন্ত |
| খ. | সোনালী সেবা পে-স্লিপ ডাউন লোড ও ব্যাংকে জমা দেয়ার তারিখ | : ২৬/০৫/২০১৬ ও ২৯/০৫/২০১৬ |
| গ. | সাক্ষাৎকারের সময় | : ০২/০৬/২০১৬ থেকে ০৭/০৬/২০১৬ পর্যন্ত |
| ঘ. | ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | : ০৮/০৬/২০১৬ |
| ঙ. | ভর্তির তারিখ | : ০৮/০৬/২০১৬ থেকে ১৫/০৬/২০১৬ পর্যন্ত |
| চ. | কোর্সওয়ার্ক শুরুর তারিখ | : ১০/০৭/২০১৬ |

৭. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮. বিশ্ববিদ্যালয়, কলেজ/ইনস্টিটিউট এর শিক্ষকদের স্বীয় প্রতিষ্ঠানের রেজিস্ট্রার/অধ্যক্ষের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে হবে। আবেদনের সময় প্রাথমিক অনুমতিপত্র জমা দিতে হবে। ভর্তির সময় সরকারী কলেজের শিক্ষকদের মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি এবং বেসরকারী কলেজের শিক্ষকদের কলেজের গভর্নিং বডির অনুমতি লাগবে। চাকুরীরত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান প্রধানের প্রাথমিক অনুমতিপত্র এবং ভর্তির সময় স্ব স্ব নিয়োগকর্তার চূড়ান্ত অনুমতিপত্র জমা দিতে হবে।

৯. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্রঃ ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd –এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক কমিটির সাথে নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করা যাবে।

আর্টস গ্রুপ- ০২-৯২৯২০৭২ অথবা ০১৭১৮-৪১১১০৯; সোশ্যাল সায়েন্স গ্রুপ-০১৯১১-০১০১৩০; ন্যাচারাল সায়েন্স গ্রুপ-০১৭৪-২৮৪৬৪১৪; লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ- ০২-৯২৯১০৮৯ অথবা ০১৭১২-০৭৬২৮০; বিজনেস স্টাডিজ গ্রুপ-০২-৯২৯২০৯৪ অথবা ০১৯৮২-৬৯৯৭৮১ ( অফিস চলাকালীন )। কল সেন্টার : ০৯৬১৪-০১৬৪২৯

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র,
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৭৪

এম-৪৫৬/১৬(১৫″×৩)